অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/18/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে লং আইল্যান্ড রেলরোড এক মিলিয়ন গ্রাহক ছাড়িয়ে গেছে বলে গভর্নর হোকল ঘোষণা করলেন

অতিমারী-যুগে রাইডারশিপের রেকর্ড দ্বিতীয় ম্যানহাটান টার্মিনাল খোলার সাথে কাকতালীয়

অন-টাইম পারফরমেন্স 93 শতাংশের বেশি সূচিত উন্নয়ন অনুসরণে বর্ধিত হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন টার্মিনাল দিয়ে ভিতরে আসার বা বাইরে যাওয়ার জন্য লং আইল্যান্ড রেলরোড এক মিলিয়ন অর্থ প্রদানকারী গ্রাহক ছাড়িয়ে গেছে, 27শে ফেব্রুয়ারি থেকে পূর্ণ পরিষেবা দিয়ে যেটি খোলা হয়েছিল। শুক্রবার, 7ই এপ্রিল এই মাইলফলক অতিক্রম করেছে। উপরন্তু, গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন সম্পূর্ণ পরিষেবার জন্য খোলার পরে LIRR বেশ কয়েকটি অতিমারী-যুগের রাইডারশিপের রেকর্ড ঘোষণা করেছে। শনিবার, 8ই এপ্রিল এবং রবিবার, 9ই এপ্রিল দু'দিনই, রেলরোডটি অতিমারী-যুগের সপ্তাহান্তে রাইডারশিপে রেকর্ড করেছে যেহেতু নিউ ইয়র্কবাসীরা ছুটির সপ্তাহান্তে আশেপাশে যাতায়াতের জন্য গণপরিবহন ব্যবহার করেছিল - 108,740 জন গ্রাহক শনিবার ও 98,030 জন গ্রাহক রবিবার ভ্রমণ করে। নভেম্বর 2022 এ হওয়া পূর্ববর্তী অতিমারী-যুগের রেকর্ড অতিক্রম করে, মঙ্গলবার, 21শে মার্চ, 213,026 জন গ্রাহক LIRR নিয়েছিলেন।

"আমরা লং আইল্যান্ডে ট্রানজিটে ঐতিহাসিক বিনিয়োগ করেছি, এই অঞ্চলে যাত্রীদের সাথে যোগাযোগ সহজ করে তুলেছি," **বলেন গভর্নর হোকল।** "টার্মিনাল খোলার মাত্র কয়েক মাস পরেই গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন দিয়ে কয়েক মিলিয়ন যাত্রী যাতায়াতের ফলে, এই পরিষেবাটি এই অল্প সময়ের মধ্যে নিউ ইয়র্কবাসীদের জন্য কতটা প্রয়োজনীয় হয়ে উঠেছে তা দেখা যায়।"

গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন খোলার পর LIRR বেশ কয়েকটি মাইলফলক অর্জন করেছে বলে ঘোষণা করেছে। এই মার্চে, LIRR 358,609টি সিটি টিকিট বিক্রি করেছে - যা নিউইয়র্ক সিটির মধ্যে 5 মার্কিন ডলারে অফ-পিক যাতায়াতের সুযোগ দেয় - যা গত মার্চের তুলনায় 118.5 শতাংশ বৃদ্ধি পেয়েছে। গ্রাহকদের জন্য একই যাত্রায় LIRR এবং মেট্রো-নর্থ রেলরোড দুটো দিয়েই যাতায়াতের জন্য ছাড়প্রাপ্ত টিকিট কেনার একটি সুযোগ হল কম্বো টিকিট, যা গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন খোলার ফলে সম্ভব হয়েছে এবং এটি চালু হওয়ার পর থেকে 4,000 এরও বেশি গ্রাহক ব্যবহার করেছেন। 18ই এপ্রিল, 2023 সালের মধ্যে 15,503টি LIRR ট্রেন গ্র্যান্ড সেন্ট্রাল

ম্যাডিসনে এসে পৌঁছেছে বা সেখান থেকে ছেড়ে গেছে। MTA-এর জনপ্রিয় TrainTime অ্যাপ দিয়ে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে আসার বা তার থেকে যাওয়ার জন্য 370,000 এরও বেশি টিকিট কেনা হয়েছে বলে দেখা গেছে।

MTA সভাপতি এবং CEO জ্যানো লিবার বলেন, "গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন উন্মোচনে এক মিলিয়ন গ্রাহক একটি মুখ্য মাইলফলকের প্রতিনিধিত্ব করেন। GCM খোলার পর থেকে হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জীবন উন্নত হয়েছে - কারও বিশ্বের খ্যাতনামা হাসপাতালগুলোর সাথে আরও সুবিধাজনক সংযোগ সৃষ্টির মাধ্যমে, অন্যরা প্রথমবারের মতো লং আইল্যান্ডের চাকরির সাথে সিটির বাসিন্দাদের সংযোগে বিপরীতমুখী যাতায়াত স্থাপন করে, আর এছাড়া বাকিবা এখনও তাদের দৈনন্দিন যাতায়াতে 40 মিনিট পর্যন্ত সংরক্ষণ করে। ধীরে ধীরে, গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন মৌলিকভাবে নিউ ইয়র্কের ফ্যাব্রিককে রূপান্তরিত করছে।"

LIRR-এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং মেট্রো-নর্থ রেলরোডের প্রেসিডেন্ট ক্যাথরিন রিনাল্ডি বলেন, "গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে পূর্ণ পরিষেবা খোলার ফলে পরিষেবাতে প্রজন্মগত বৃদ্ধি সক্ষম করে আগে কখনও দেখেননি এমন সংযোগকে সক্রিয় হয়। আমাদের প্রতিশ্রুতি অনুযায়ী, আমরা আমাদের গ্রাহকদের তালিকাভুক্ত করেছি এবং তাদের প্রয়োজনীয়তা পূরণে পরিষেবা উন্নত করেছি। আমরা যে পরিবর্তন চালু করেছি তা নিয়ে, আমরা নাটকীয়ভাবে দেরি এবং ভিড় কমিয়েছি এবং গ্রাহকরা অতিমারী-যুগে রেকর্ড সংখ্যায় ট্রেনে যাত্রা করে নিজেদের প্রতিক্রিয়া জানিয়েছেন।"

MTA-এর ভারপ্রাপ্ত প্রধান গ্রাহক আধিকারিক শানিফা রিয়েরা বলেন, "গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনের সুবিধাদি স্পষ্ট: পরিষেবার স্বল্পদৈর্ঘ্যের যাতায়াত এবং সম্প্রসারণ নিয়ে হাজার হাজার গ্রাহক, বিশেষ করে অফ-পিক এবং রিভার্স-পিক গ্রাহকদের জন্য। আমরা প্রথম দিনই বলেছিলাম যে এই নতুন টার্মিনালটির পথ মসৃণ হতে সময় লাগবে আর LIRR গ্রাহকদের ইনপুট নিয়ে আমরা ঠিক সেটাই করছি, পরিকল্পনাগুলি বর্ধিত করে এবং নতুন স্টেশানের মধ্যে পথের সন্ধান উন্নত করার মাধ্যমে। আমরা গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে আসা আরও কয়েক মিলিয়ন রাইডের দিকে তাকিয়ে থাকার সময়, গ্রাহকদের নিজের মতামত দেওয়ার কাজটি চালিয়ে যেতেও আমি উৎসাহিত করি, যেহেতু এটি তাদের অভিজ্ঞতা আরও ভালো করতে আমাদের সাহায্য করে।"

সাম্প্রতিক কয়েক সপ্তাহে, সূচিত অ্যাডজাস্টমেন্ট এবং দীর্ঘায়িত ট্রেনগুলো চালু করা হয়েছে, যার ফলে আরাম নির্ভরযোগ্যতা বেড়েছে এবং 93.5 শতাংশের বেশি অন-টাইম পারফরমেন্সকে উৎসাহিত করেছে। 27শে ফেব্রুয়ারী থেকে, 16 দিনে LIRR 200,000 জন যাত্রী ছাড়িয়েছে, যে থ্রেশহোল্ড রেলরোডটি 2023 সালের প্রথম 57 দিনে মাত্র দুবার অতিক্রম করেছিল। 9ই এপ্রিল থেকে 15ই এপ্রিলের মধ্যে, LIRR গড়ে দৈনিক 168,726 জন গ্রাহকের ভারবহন করেছেন, যা 2020 এর মার্চের পর থেকে গড়ে সেরা সাত-দিন। নিউ ম্যানহাটন টার্মিনাল দিয়ে প্রায় 32,060 জন গ্রাহক যাতায়াত করার ফলে. গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে সর্বোচ্চ দৈনিক রাইডারশিপ অর্জন হয়েছিল মঙ্গলবার, 11ই এপ্রিল।

এক মিলিয়ন রাইডারের মাইলফলক অতিক্রম হয়েছে বলে চিহ্নিত করে উদযাপন করতে, LIRR উৎসবে যোগদান করতে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনের দুজন গ্রাহককে অভ্যর্থনা জানিয়েছিল: রে রাগুনাউথ এবং কারেন হ্যামিল্টন। রাগুনাউথ হলেন ফিজিক্যাল থেরাপিস্ট এবং লং আইল্যান্ডের বাসিন্দা, যিনি গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন দিয়ে স্বল্পদৈর্ঘ্যের যাতায়াত হওয়ার কারণে ম্যানহাটনের ইস্ট সাইডে নতুন পেশার সুযোগ অন্বেষণ করতে সক্ষম হয়েছিলেন। কুইন্সের লউরেনটনের বাসিন্দা হলেন হ্যামিলটন, যিনি উপকৃত হয়েছিলেন দুটো থেকেই, কুইন্সের মাঝে থাকা স্টেশানগুলির মধ্যে আরও ঘনঘন পরিষেবা চালু হওয়া এবং গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন খোলা, NYU ল্যাঙ্গোন হেলথ-এ মেডিক্যাল অ্যাপয়েন্টমেন্টের জন্য যেখান দিয়ে তার মাকে নিয়ে তিনি ঘনঘন যাতায়াত করেন।

LIRR কমিউটার কাউন্সিলের প্রধান এবং MTA-এর স্থায়ী বাসিন্দা উপদেষ্টা কমিটি এবং MTA বোর্ড সদস্য গেরার্ড ব্রিংম্যান বলেন, "1,000,000 গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন ট্রিপ রাইডার এবং LIRR-এর জন্য একটি মুখ্য মাইলফলক। নতুন LIRR পরিষেবা শুরু হওয়ার পর থেকে কয়েক মাসের মধ্যে, গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন হাজার হাজার দৈনন্দিক LIRR রাইডারদের জন্য নতুন ভ্রমণে বিকল্প এবং উন্নয়নগুলি খুলে দিয়েছে, যাদের এখন ইস্ট সাইডের সরাসরি অ্যাক্সেস আছে এবং যাতায়াত হয়েছে স্বল্পদৈর্ঘ্যের। আমরা দেখে খুশি হয়েছি যে MTA চলমান অ্যাডজাস্টমেন্টের মধ্য দিয়ে ক্রমাগত যাত্রীদের মতামতে প্রতিক্রিয়া জানিয়ে চলেছে, অতিসম্প্রতি এই 17ই এপ্রিলেও, এবং আগামী কয়েক মাসে আরও যাত্রী এই নতুন পরিষেবার সুবিধা নিচ্ছেন দেখার জন্য উন্মুখ হয়ে আছি। গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন সত্যিই একই ছাদের তলায় রেলরোড এবং সাবওয়ে দুটো নিয়ে আরও সমন্বিত এবং সংহত ট্রানজিট সিস্টেমের একটি প্রতীক!"

অ্যাসেম্বলি সদস্য চার্লস ল্যাভিন বলেন, "যে লং আইল্যান্ডবাসীরা ম্যানহাটনের ইস্ট সাইডে অ্যাক্সেস চাইছে তাদের জীবন কীভাবে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন স্টেশান আরও সুবিধাজনক করে তুলছে তারই একটি অনুস্মারক হল এই মাইলফলন। রেলরোড একটি অত্যাবশ্যকীয় পরিষেবা এবং আমি MTA-তে আমার অংশীদারদের সঙ্গে কাজ করে যাব, যখনই প্রয়োজন তখনই যারা সমানভাবে পরিষেবার উন্নতিতে অঙ্গীকারবদ্ধ।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "এটি MTA-এর জন্য আরেকটি ঐতিহাসিক মাইলফলক যেহেতু আমরা গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল দিয়ে এক মিলিয়নের বেশি গ্রাহকের লং আইল্যান্ডের যাতায়াত উদযাপন করছি। লং আইল্যান্ডবাসীদের গ্র্যান্ড সেন্ট্রাল স্টেশনে পৌঁছানোর সুযোগ দেওয়া সত্যিই আমাদের অঞ্চলের জন্য একটি গেম চেঞ্জার। আরও কয়েক মিলিয়ন গ্রাহক এবং নিউ ইয়র্ক স্টেশনের সাফল্যের অভিনন্দন, স্থাপত্যতুল্য এবং পরিবহনের রত্ন দ্বারা চালিত যা হল গ্র্যান্ড সেন্ট্রাল স্টেশন।"

দক্ষিণপূর্ণ কুইনস, বাসিন্দা,কারেন হ্যামিল্টন বলেন, "কয়েকমাস আগে, আমার মায়ের সকাল 7:30টায় একটা ডাক্তারের অ্যাপয়েন্টমেন্ট ছিল আর আমি নিশ্চিতভাবে বলেছিলাম 'সেই অ্যাপয়েন্টমেন্টটিই নাও' কারণ আমি জানতাম আমরা গ্র্যান্ড সেন্ট্রাল থেকে একটা ওয়ান-সিট রাইড নিতে পারি আর ডাক্তারের অফিস ঠিক দ্বিতীয় ও তৃতীয়ের মাঝে 41st স্ট্রিটে আর আপনি যে ধীরে-সুস্থে হেঁটেও সেখানে পৌঁছে যেতে পারেন তা আমি জানতাম। উনি একটি ওয়ান-সিট

রাইড দিয়ে আর সামান্য হেঁটে NYU ল্যাঙ্গন-এ ওনার ডাক্তারের সমস্ত অ্যাপয়েন্টমেন্ট রাখতে পেরেছিলেন। তাই, এটি সত্যিই তার যাতায়াত এবং প্রদত্ত সময়ে তার প্রয়োজনীয় পরিচর্যায় অ্যাক্সেসের ক্ষমতা পরিবর্তন করেছিল।"

LIRR-এর গ্রাহক রে রাগুনাউথ বলেন, "2020 চলাকালীন আমি আর আমার স্ত্রী শহর ছাড়ার এবং লং আইল্যান্ডে যাওয়ার এবং সেখানে গিয়ে একটা বাড়ি নেওয়ার সিদ্ধান্ত নিই, কিন্তু আমার মন সবসময় শহরের পড়ে থাকত। আর গত ছ'মাসে আমার কাছে আপার ইস্ট সাইডের একটি হাসপাতালে আবারও একটি কাজের সুযোগ আসে। আর, গ্র্যান্ড সেন্ট্রাল লাইন ব্যবহার করে একবার আমার স্ত্রী ইতিমধ্যে আপার ইস্ট সাইডে যাতায়াত শুরু করায়, তার যাতায়াতের সময় 20-30 মিনিট মতো কমে গেছিল আর সিটিতে ফিরে আসার জন্য যে সিটিকে আমি ভালোবাসি সেখানে থাকার জন্য আমার কাছে আর কোনও বুদ্ধিমত্তার প্রয়োজন ছিল না।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418